



প্রতিদিন একবার হলেও  
আপনার প্রতিষ্ঠানের  
ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (কৃষি/টেক্সটাইল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.০০০০.৩১২.১৯.০০১.১৮-৩৭

তারিখ : ১৯-০৪-২০১৮খ্রিঃ

**ফলাফল প্রকাশ ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা ইন এগ্রিকালচার ও ডিপ্লোমা ইন ফিসারিজ শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল পরীক্ষা পরিষদের সুপারিশ মোতাবেক বোর্ডের অনুমোদন সাপেক্ষে অদ্য ১৯/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনলাইন (Online) প্রকাশ করা হলো। উক্ত ফলাফল বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে (Website : www.bteb.gov.bd) পাওয়া যাবে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসংগতি বা অনভিপ্রেতঃ ভুলত্রুটি পরবর্তীতে পরিলক্ষিত হলে তা পরিবর্তন, সংশোধন ও বাতিল করার পূর্ণ ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত।

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ফলাফল সংশোধনের জন্য যে সকল পরীক্ষার্থী অনলাইন (Online) আবেদন করবে তাদের হাজিরা সিট, শিরোনামপত্র, টিসি/পিসি/ পিএফ নম্বর ও প্রকাশিত ফলাফলের হার্ডকপি সত্যায়নসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অবশ্যই আগামী ২৪/০৪/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট তথ্যাদি প্রতিষ্ঠান প্রধানের সত্যায়নসহ ডাকযোগে অথবা স্বহস্তে জমা দেওয়া যাবে। নির্ধারিত সময়ের পরে এ ধরনের কোন আবেদন বিবেচনা করা হবে না। এখানে উল্লেখ্য যে, অনলাইন (Online) ব্যতীত উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণযোগ্য হবে না এবং প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থী কর্তৃক কোন আবেদন গ্রহণ করা হবে না।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

নিম্নের ছকে উল্লেখিত সময়সূচি মোতাবেক এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে :

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	সম্পন্ন করার সময়সীমা	মন্তব্য
১.	অনলাইনে তথ্য এন্ট্রি করা	১৯ হতে ২৪ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত	
২.	প্রতিষ্ঠান কর্তৃক ডিডি করার তারিখ	১৯ হতে ২৪ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত	
৩.	এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট করা	২৪ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে	
৪.	প্রিন্ট-আউট কপিসহ ডিডি বোর্ডে জমার তারিখ	১৯ হতে ২৫ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত	

পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ ব্যাংক ড্রাফট/ডিডির (সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে। অনলাইনে এন্ট্রিকৃত তালিকার প্রিন্ট-আউট কপি প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিংসহ নিম্নের ছক অনুসারে তালিকা প্রস্তুত করে উল্লিখিত তারিখের মধ্যে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। এ সংক্রান্ত ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে। উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কাজে ছাত্র-ছাত্রীকে বোর্ডে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর ও সেশন	পুনঃ নিরীক্ষণের বিষয় কোড	টাকার পরিমাণ (প্রতি বিষয় ৩০০ টাকা হারে)	ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬		৭

বিঃদ্রঃ- অনলাইনে আবেদন করার সময় সোনালী ব্যাংকের ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম এন্ট্রি করতে হবে।

(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৯১১৩২৮৩

১৯/০৪/২০১৮